



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

website: www.krishibank.org.bd
E-mail : dgmonm@krishibank.org.bd
ফোনঃ ৯৫৫১৬৫৫

ম্যানপাওয়ার প্ল্যানিং এন্ড ডেভেলপমেন্ট বিভাগ

নং-প্রকা/এমপিডি-৫৪(অংশ-১)/২০১৭-১৮/০৮

তারিখঃ ১৩/০৭/২০১৭ খ্রিঃ

সকল মহাব্যবস্থাপক
বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়
মহাব্যবস্থাপক (অধ্যক্ষ)
বিক্রেবি স্টাফ কলেজ
সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা
ও
সকল শাখা ব্যবস্থাপক
(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক এর মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।


বিষয়ঃ খসড়া ক্রেডিট পলিসি এন্ড অপারেশন ম্যানুয়েল-২০১৭ সংশোধনী প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপরোক্ত বিষয়ে অত্র বিভাগের ২৮.০৬.২০১৭ তারিখের পত্র নং- নং-প্রকা/এমপিডি-৫৪(অংশ-১)/২০১৬-১৭/২২৪ মোতাবেক বাংলাদেশ কৃষি ব্যাংকের খসড়া ক্রেডিট পলিসি এন্ড অপারেশন ম্যানুয়েল-২০১৭ এর প্রস্তুতকৃত খসড়া ম্যানুয়েলের কোন বিষয়ে সংশোধন, সংযোজন ও পরিমার্জন থাকলে তা ১২.০৭.২০১৭ তারিখের মধ্যে অত্র বিভাগের ই-মেইল নম্বর dgmonm@krishibank.org.bd এর মাধ্যমে অথবা ডাকযোগে সরবরাহের জন্য সর্বিনয় অনুরোধ করা হয়েছিল। অধিকন্তু, ব্যবস্থাপনা সমন্বয় কমিটির ৩৮৭তম সভার ০৯.০৭.২০১৭ তারিখে প্রকাশিত কার্যবিবরণীর ০১ নং আলোচ্যসূচির সিদ্ধান্ত মোতাবেক বাংলাদেশ কৃষি ব্যাংকের খসড়া ক্রেডিট পলিসি এন্ড অপারেশন ম্যানুয়েল-২০১৭ এর প্রস্তুতকৃত খসড়া ম্যানুয়েলের কোন বিষয়ে সংশোধন, সংযোজন ও পরিমার্জন থাকলে তার প্রস্তাব চাওয়া হয়েছে। কিন্তু, আপনার কার্যালয়/ শাখা থেকে অদ্যাবধি উক্ত বিষয়ে কোন সংশোধন, সংযোজন ও পরিমার্জনের প্রস্তাব পাওয়া যায়নি।

০২। এমতাবস্থায়, প্রস্তুতকৃত খসড়া ক্রেডিট পলিসি এন্ড অপারেশন ম্যানুয়েল-২০১৭ নির্ভুল ও অধিকতর সমন্বয়যোগ্য করার স্বার্থে ম্যানুয়েলটি সম্পর্কে আপনাদের মূল্যবান প্রস্তাব সংশোধন, সংযোজন ও পরিমার্জন থাকলে তা ১৯.০৭.২০১৭ তারিখের মধ্যে অত্র বিভাগের ই-মেইল নম্বর dgmonm@krishibank.org.bd এর মাধ্যমে প্রেরণ করার জন্য পুনরায় বিশেষভাবে অনুরোধ করা হলো।


আপনার বিশ্বস্ত,


(মোঃ শাহজাহান)
উপমহাব্যবস্থাপক
তারিখঃ ১৩/০৭/২০১৭ খ্রিঃ

নং-প্রকা/এমপিডি-৫৪(অংশ-১)/২০১৭-১৮/০৮(১২০৫)

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিক্রেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উক্ত খসড়া ম্যানুয়েলটি যাচাই বাছাই করে কোন সংশোধনী থাকলে তা অত্র পত্র প্রাপ্তির সাথে সাথে অত্র বিভাগে প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। খসড়া ক্রেডিট পলিসি এন্ড অপারেশন ম্যানুয়েল-২০১৭ ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করা আছে। এফ্রণে অত্র তাগিদ পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে জরুরী ভিত্তিতে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগকে অনুরোধ করা হলো।
- ০৫। নথি/মহানথি।


(দেওয়ান আশরাফ উদ্দীন)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা